

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ অধিশাখা
www.emrd.gov.bd

বিষয়: ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক পরিশোধিত ও অপরিশোধিত তেল আমদানির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির নভেম্বর, ২০২১ মাসের প্রতিবেদন।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (BPC) কর্তৃক ২০২১-২২ অর্থ বছরে ৪০.০০ লক্ষ মে. টন পরিশোধিত জ্বালানি তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। তদনুযায়ী নভেম্বর, ২০২১ মাসের লক্ষ্যমাত্রা পূরণের জন্য ন্যূনতম গড়ে প্রতিমাসে ৩.৩৩ লক্ষ মে. টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করার প্রয়োজন ছিল। জ্বালানি তেলের চাহিদা স্বাভাবিকের তুলনায় একটু বৃদ্ধি পাওয়ায় BPC কর্তৃক নভেম্বর, ২০২১ মাসে ৪.৩৫ লক্ষ মে. টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়।

BPC কর্তৃক ২০২১-২২ অর্থ বছরে ১২.০০ লক্ষ মে. টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে, তদনুযায়ী নভেম্বর, ২০২১ মাসের লক্ষ্যমাত্রা পূরণের জন্য ন্যূনতম গড়ে প্রতিমাসে ১.০০ লক্ষ মে. টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানি করার প্রয়োজন ছিল। ইস্টার্ন রিফাইনারি লিমিটেড (ERL) রক্ষণাবেক্ষণের জন্য ১০/১১/২০২১ তারিখ হতে ৪০ দিনের দ্বি-বার্ষিক শাট ডাউনে থাকায় BPC কর্তৃক নভেম্বর, ২০২১ মাসে অপরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়নি।


কোভিড-১৯ বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে গত ০১/০৭/২০২১ তারিখ হতে দাপ্তরিক কার্যক্রম শুরুর পাশাপাশি যানবাহন চলাচলসহ দেশের শিল্প প্রতিষ্ঠানের কার্যক্রম বর্তমানে স্বাভাবিক রয়েছে। সে প্রেক্ষিতে যাতায়াত, বিদ্যুৎ উৎপাদন, শিল্প ও বাণিজ্যিক খাতে জ্বালানি তেলের চাহিদা স্বাভাবিক থাকায় ইতোমধ্যে জ্বালানি তেলের চাহিদা বৃদ্ধি পেতে শুরু করেছে।

২। ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জুলাই-নভেম্বর, ২০২১ সময়ের পরিশোধিত ও অপরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা অর্জনের বিবরণ নিম্নরূপ:


কার্যক্রম	লক্ষ্যমাত্রা	অর্জন					সর্বমোট
		জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	
১.১) পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি	৪০.০০	২.৬৬	২.৮২	৩.৫৬	৫.৫৮	৪.৩৫	১৮.৯৭
১.২) ক্রুড অয়েল আমদানি	১২.০০	১.৭৯	০.৯৯	১.৯৭	০.৯৮	০	৫.৭৩


৩। মনিটরিং কমিটির সুপারিশ:

(ক) ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জ্বালানি তেল আমদানির মাসভিত্তিক/বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের চেষ্টা অব্যাহত রাখতে হবে।


(এস. এম. জুবায়ের হাসান)

ম্যানেজার (এমআইএস)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (BPC)


(শেখ মোহাম্মদ ক্বলয়িত হোসেন)
উপসিচব (অপারেশন-১ অধিশাখা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ


(ড. মহঃ শের আলী)
যুগ্মসচিব (অপারেশন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ